

**ঢাকা আব্বাসাতের অভিযোগ তদন্তে অসহযোগিতা
বরিশালে কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে
দুর্নীতি দমন ব্যুরোর মামলা**

বরিশাল ব্যুরো

বরিশাল ইসলামিয়া কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ হানিফের বিরুদ্ধে স্থানীয় দুর্নীতি দমন ব্যুরো কোতোয়ালি থানায় নন-এফআইআর প্রসিকিউশন মামলা দায়ের করেছে। বাদী দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক

মোঃ আবুল হোসেন মামলার অভিযোগে বলেছেন, অধ্যক্ষ মোঃ হানিফ কলেজ গভর্নিং মামলা : পৃষ্ঠা : ১৯ কলাম : ৭

সংক্রান্ত জানাচ্ছে।

মামলা : বরিশাল
(শেষ পৃষ্ঠার পর)

বড়ির সিদ্ধান্ত উপেক্ষা করে সোনালী ব্যাংক হাটখোলা শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৮১২ থেকে ১১ লাখ ২০ হাজার ৩৯৯ টাকা উত্তোলন করেন। তিনি কলেজ তহবিল থেকে উন্নয়ন কাজের নামে বিধিবিহীনভাবে ৪ লাখ ৮৭ হাজার টাকাসহ মোট ১৬ লাখ ৭ হাজার ৩৯৯ টাকা উত্তোলন করে খরচ করেছেন। ২০০১ সালের ফেব্রুয়ারি মাস থেকে ক্যাশ বই না লিখে কলেজের অর্থ ইচ্ছে মতো খরচ করেছেন। যার সঠিক কোন হিসাব তিনি উপস্থাপন করেননি। এসব অভিযোগ তদন্ত এবং অধ্যক্ষ হানিফের বক্তব্য গ্রহণের জন্য স্থানীয় দুর্নীতি দমন সংস্থা বার বার অধ্যক্ষ হানিফকে নোটিশ প্রদান করলেও তিনি তদন্ত কাজে সহযোগিতা করেননি। সর্বশেষ দুর্নীতি দমন ব্যুরো ইসলামিয়া কলেজের সভাপতি বরিশাল বিভাগের কমিশনারের মাধ্যমে অধ্যক্ষ হানিফকে তদন্ত কাজে সহায়তার জন্য নোটিশ দিলেও তিনি জরুজ্ঞাপ করেননি।